



তারিখ : ২১ সেপ্টেম্বর, ২০২০

স্মারক নং : রিহাব (অপাঃডিঃ০০৭) /বিল:বোর্ড: অপা: ০০১/২০২০/১০৪৬০

বরাবর

সম্মানিত সদস্য

বিষয় : সিটি কর্পোরেশন এলাকায় বিলবোর্ড প্রতিস্থাপন ও অবৈধ বিলবোর্ড অপসারণ প্রসঙ্গে।

জনাব,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনারা নিশ্চই অবগত আছেন যে, সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকা দৃষ্টিনন্দন, সুন্দর ও পরিচ্ছন্ন আধুনিক শহর গড়ার লক্ষ্যে মাননীয় সিটি কর্পোরেশন মেয়র মহোদয় অক্লান্ত চেষ্টা করে যাচ্ছেন।

এরই ধারাবাহিকতায় সিটি কর্পোরেশন এলাকায় নির্মাণাধীন ভবনের চারিপার্শ্বে, রাস্তা ও ফুটপাথ এর উপর নির্মিত অনুমোদনহীন বিলবোর্ড অপসারণের জন্য মাননীয় মেয়র মহোদয়ের তত্ত্বাবধায়নে একজন নিবাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে সিটি কর্পোরেশন এলাকায় অবৈধ বিলবোর্ড অপসারণের কার্যক্রম চলমান আছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ ( সিটি কর্পোরেশন শাখা - ২ ) - স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন)আইন, ২০০৯(২০০৯ সনের ৬০নং আইন) এর ধারা ৮৪ এ প্রদত্ত ক্ষমতাবলে জারীকৃত এস, আর, ও নং ১৩-আইন/২০১৬ প্রতিপালনের বাধ্যবাধকতা রয়েছে।

সিটি কর্পোরেশন এলাকায় সার্বিক উন্নয়নের লক্ষ্যে সিটি কর্পোরেশন কর্তৃক অনুমতি সাপেক্ষে অনুমোদিত বিলবোর্ড প্রতিস্থাপন করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি এবং একই সাথে নির্মাণাধীন ভবনের চারিপার্শ্বে রাস্তা, ফুটপাথ ব্যবহারের বিষয়ে সিটি কর্পোরেশনের নির্দেশনা মেনে সিটি কর্পোরেশনকে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

এ প্রসঙ্গে রিহাবের সকল সদস্যবৃন্দের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে

আলমগীর শামসুল আলামিন (কাজল)

প্রেসিডেন্ট, রিহাব।



অনুলিপি : ১) মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

**REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH**

Head Office : National Plaza (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargoan Road, Dhaka-1205, Tel : 88-02-9662482

9677877, 9663458, 9669897, 9662114, Fax : 88-02-9614606, E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org

Chattogram Regional Office : VIP Tower (2nd Floor), 125 Chatteweshary Road, Kazir Dewri, Chattogram, Bangladesh.

Tel : 031-2853522, 2868829, Fax : 031-2853622, E-mail : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com

(২) সিটি কর্পোরেশন এলাকায় বেসরকারি বা ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের জমি বা ইमारতে এবং মহানগরীতে চলাচলরত বিভিন্ন ধরনের যানবাহনের গায় প্রদর্শিত বিজ্ঞাপনের বৎসর ভিত্তিক অনুমোদিত বা নবায়নযোগ্য বিজ্ঞাপন ফলকের ক্ষেত্রে:

বিজ্ঞাপনের ধরন	আলোকিত (প্রতি বর্গফুট)	অনালোকিত (প্রতি বর্গফুট)
(ক) বিলবোর্ড/হোর্ডিং/মেগা সাইন/টি-সাইন যানবাহনের বডিতে প্রদর্শিত বিজ্ঞাপন	১৫০/-	১০০/-
(খ) প্যানাফ্লেক্স সাইন/রোমান ব্যানার	১৫০/-	১০০/-
(গ) ট্রাইভিশন সাইন	৪০০/-	অনালোকিত হয় না
(ঘ) এলইডি সাইন	১০,০০০/-	অনালোকিত হয় না

(২৯৯) সিটি কর্পোরেশনের নিজস্ব জমি বা ইमारতে এবং সিটি কর্পোরেশন এলাকায় সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত বা বেসরকারি বা ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের জমি বা ইमारতে অস্থায়ীভাবে অনুমোদিত বা নবায়নযোগ্য বিজ্ঞাপন ফলকের ক্ষেত্রে:

বিজ্ঞাপনের ধরন	পুনঃ নির্ধারিত হার
(ক) ডামি/কাট আউট উচ্চতা (অনূর্ধ্ব ১০ ফুট)	১০,০০০/- (প্রতিটি প্রতি মাস)
(খ) ডামি/কাট আউট উচ্চতা (অনূর্ধ্ব ৫ ফুট)	৫,০০০/- (প্রতিটি প্রতি মাস)
(গ) বেলুন	১০,০০০/- (প্রতিটি প্রতি মাস)
(ঘ) গেইট/তোরণ (বাগিচ্ছিক)	২০,০০০/- (প্রতিটি প্রতি মাস)
(ঙ) গেইট/তোরণ (অবাগিচ্ছিক)	৫,০০০/- (প্রতিটি প্রতি মাস)
(চ) ফেস্টুন/ব্যানার	৫০০/- (প্রতিটি প্রতি ১৫ দিন)
(ছ) পোস্টার বড় (সর্বোচ্চ ৩ X ২)	১০/-প্রতিটি প্রতিদিন
(জ) পোস্টার ছোট (সর্বোচ্চ ২.৫ X ২)	৭/-প্রতিটি প্রতিদিন
(ঝ) ক্যানভাস (কাঠের ফ্রেমে)	৩০,০০০/- (প্রতিটি প্রতি মাস)
(ঞ) ভ্রাম্যমাণ বিজ্ঞাপন (কার্ট সাইন)	৩০,০০০/- (প্রতিটি প্রতি মাস)

ব্যাখ্যা: আলোকিত সংক্রান্ত বিদ্যুৎ ব্যয়সহ বিজ্ঞাপন ফলক নির্মাণ, তৈরি এবং স্থাপনের সকল ব্যয় মালিক অথবা বিজ্ঞাপনদাতা বহন করিবেন।